

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৪৬ তারিখঃ ১৮ আগস্ট ২০১৭ শুক্রবার

### চিকুনগুনিয়া সর্বশেষ পরিস্থিতি

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ১৮ আগস্ট বিকেল ৫ টা পর্যন্ত মোট ৪২৭২ জন কল করেছেন
  - এর মধ্যে সম্ভাব্য রোগী ১৭৪৩ জন
  - পুরোনো রোগী ১৭৫৬ জন
  - অবশিষ্ট ৭৭৩ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন


### মশা নিয়ন্ত্রণে সমন্বিত ব্যবস্থা

- যদিও মশা নিয়ন্ত্রণের অনেক পদ্ধতি আছে, তবে বিশেষজ্ঞগণ সমন্বিত নিয়ন্ত্রণ ব্যবস্থার উপর জোর দিয়েছেন। ইন্টিগ্রেটেড ভেক্টর ম্যানেজমেন্ট (IVM) বা সমন্বিত বাহক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা হল বাহক নিয়ন্ত্রণে সম্পদ এর সঠিক ব্যবহার করবার একটি যুক্তিসঙ্গত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া
- সমন্বিত নিয়ন্ত্রণ হল এমন এক ব্যবস্থা যেখানে যে কোন একটি পদ্ধতির অতিরিক্ত ব্যবহার না করে (যেমন; কীটনাশক) সর্বোচ্চ নিয়ন্ত্রণের জন্য এক বা একাধিক পদ্ধতি একত্রে ব্যবহার করা। এ পদ্ধতির উদ্দেশ্য হল-
  - ❖ সর্বনিম্ন প্রচেষ্টায় সর্বোচ্চ ফল লাভ
  - ❖ কার্যকর ও কম খরচ
  - ❖ বাহক নিয়ন্ত্রণে টেকসই পদ্ধতির ব্যবহার
  - ❖ ক্ষতিকারক রাসায়নিক দ্বারা পরিবেশ দূষণ রোধ করা
  - ❖ কীটনাশকের বিরুদ্ধে মশার প্রতিরোধ ক্ষমতা তৈরি হতে না দেয়া।
- চিকুনগুনিয়া বা ডেঙ্গু প্রাদুর্ভাবের সময় মশার ঘনত্ব কার্যকর ভাবে কমানো এবং চিকুনগুনিয়া বা ডেঙ্গু আক্রান্ত রোগীকে যেন মশা কামড়াতে না পারে সেজন্য আগ্রাসী মশক নিয়ন্ত্রণ কার্যক্রম ও নিজের প্রতিরক্ষা ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে যাতে মশার সংক্রমণ চক্র ভাঙা যায়।

- সমন্বিত বাহক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার মূল উপাদানঃ

১. প্রচার, সামাজিক সমাবেশ এবং আইন প্রয়োগঃ

- সংশ্লিষ্ট সকল প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠান, নাগরিক সমাজে সমন্বিত বাহক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা র মূল নীতি এবং কৌশল ব্যাপকভাবে প্রচার করা
  - জনস্বাস্থ্যের জন্য আইনী নিয়ন্ত্রণের প্রতিষ্ঠা এবং তা শক্তিশালীকরণ
  - জনগণের ক্ষমতায়ন
২. স্বাস্থ্য বিভাগের সাথে অন্যান্য বিভাগের সহযোগিতা মূলক কার্যক্রমঃ
- সরকারী ও বেসরকারী সকল প্রতিষ্ঠানের মধ্যে সর্বাঙ্গিক সহযোগিতার সকল সুযোগ নিশ্চিতকরণ
  - নীতি নির্ধারকদের মধ্যে সকল যোগাযোগ মাধ্যমকে শক্তিশালীকরণ
৩. সমন্বিত পদ্ধতিঃ
- বিভিন্ন রোগ নিয়ন্ত্রণের জন্য সম্পদের যৌক্তিক ব্যবহার
  - অ-রাসায়নিক ও রাসায়নিক বা হক (মশা) নিয়ন্ত্রণ পদ্ধতি একীভূত করা
  - অন্যান্য রোগ নিয়ন্ত্রণ পদ্ধতির সঙ্গে একীভূত করা
৪. প্রমাণ ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণঃ
- স্থানীয় বাস্তুসংস্থান, রোগতত্ত্ব এবং সম্পদ ব্যবস্থাপনায় বিভিন্ন কার্যকরী কৌশলের যথাযথ প্রয়োগ কার্যকরী গবেষণা দ্বারা পরিচালিত এবং নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন
৫. সক্ষমতা বাড়ানোঃ
- পরিস্থিতিগত বিশ্লেষণের ভিত্তিতে জাতীয় ও স্থানীয় পর্যায়ে অপরিহার্য উপাদান অবকাঠামো, আর্থিক সম্পদ ও মানব সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে সমন্বিত বাহক (মশা) নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা কৌশল পরিচালনা করতে হবে।



স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘণ্টা তথ্য পাবেন।